



রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড, গৌহাটি

স্টেশন রোড, গৌহাটি-৭৮১০০১

ওয়েবসাইট: www.rrbguwahati.gov.in



**একমাত্র মেধা এবং কঠোর পরিশ্রমই সফলতা আনতে পারে
দালাল, ব্রোকার এবং চাকরির অসাধু চক্র থেকে সাবধান থাকুন**



মনে রাখবেন

কোন ব্যক্তি অর্থ প্রদান করে বা প্রভাব খাটিয়ে রেলওয়েতে চাকরি পেতে পারেন না। শুধুমাত্র মেধা ও পরীক্ষায় ভাল রেজাল্টই আপনাকে রেলওয়ে চাকরি প্রদান করতে পারে।

- আর আর বি-র নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ কম্পিউটারাইজড এবং প্রার্থীদের মনোনয়ন পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই করা হবে। প্রার্থী মনোনয়নে ইন্টারভিউ প্রক্রিয়া নেই।
- আর আর বি তাদের হয়ে কাজের জন্য কোনও এজেন্ট বা কোচিং সেন্টারকে নিয়োগ করেনি। ভরসা রাখবেন আর আর বি, গৌহাটির একমাত্র ওয়েবসাইট www.rrbguwahati.gov.in ও সংবাদপত্র/এমপ্লয়মেন্ট নিউজ-এ প্রকাশিত বিজ্ঞাপনের উপর।
- দালাল এবং চাকরির অসাধু চক্র থেকে সাবধান থাকুন, যারা প্রভাব খাটিয়ে, টাকা দিয়ে বা অন্য যে কোনো অন্যান্য উপায়ে রেলওয়েতে চাকরি পাওয়ার মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে ঠকানোর চেষ্টা করবে।
- এই ধরনের কার্যকলাপে জড়িত প্রার্থী অযোগ্য বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। মনে রাখবেন ঘুষ প্রদান করা আর ঘুষ নেওয়া সমান গুরুতর অপরাধ।

দালাল, ব্রোকার এবং চাকরির অসাধু চক্রকে ধরতে রেলওয়েকে সাহায্য করুন। যখন তারা আপনার সাথে যোগাযোগ করবে :

- ✓ অবিলম্বে নিকটতম থানায় অভিযোগ দাখিল করুন।
- ✓ নির্দেশ বা সন্দেহের অবসানের জন্য প্রার্থী ০৩৬১-২৫৪০৮১৫ নাম্বারে ফোন করতে পারেন।
- ✓ গোপনে আর আর বি, গৌহাটি-কে তথ্য জানাতে পারেন ই-মেল: crrb-as@nic.in অথবা ফোন করতে পারেন এই নাম্বারে ০৩৬১-২৫৪০৮১৫। আপনার পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে।

**আমরা নিয়োগ করি স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে,
রেলওয়েতে যোগ দিন মাথা উঁচু করে আত্মসম্মানের সাথে**

গৌহাটি, ২৩ আগস্ট, ২০১৮

চেয়ারম্যান, আর আর বি, গৌহাটি